



সায়লা ফারজানা বাংলাদেশ সিভিল সার্ভিসে নিয়োজিত নারী কর্মকর্তাদের সংগঠন বিসিএস উইমেন নেটওয়ার্কের মহাসচিব হিসেবে ২৫ জানুয়ারি ২০২০ সাল থেকে এবং স্থানীয় সরকার বিভাগের যুগ্ম সচিব পদে দায়িত্বরত রয়েছেন। বিসিএস ১৭ ব্যাচের প্রশাসন ক্যাডারের কর্মকর্তা হিসেবে চট্টগ্রাম সহকারি কমিশনার পদে তিনি কর্ম জীবন শুরু করেন।

সায়লা ফারজানা গোপালগঞ্জ জেলার বাটিকামারী গ্রামের সম্ভ্রান্ত পরিবারে মরহুম ছাদেক মিয়র ঘরে জন্ম গ্রহণ করেন। তিনি বাটিকামারী হাইস্কুল থেকে মাধ্যমিক, ফরিদপুর জেলার সরদা সুন্দরী মহিলা কলেজ থেকে উচ্চ মাধ্যমিক এবং ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রাণী বিদ্যা বিষয়ের উপর অনার্স-মাষ্টার্স সম্পন্ন করেন। সদা হাস্যোজ্জল প্রানবন্ত এই কর্মকর্তা পারিবারিক জীবনে দুই সন্তানের জননী। তিনি বাংলাদেশ পুলিশের বিশেষ শাখার (এসবি) অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক মনিরুল ইসলামের সহধর্মিণী।

তিনি প্রশাসনের দীর্ঘ সুসজ্জিত কর্মজীবনে দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের উপ-সচিব এবং উপজেলা নির্বাহী অফিসার হিসেবে দায়িত্বের সাথে কাজ করেছেন।

তিনি মুন্সিগঞ্জ জেলার জেলা প্রশাসক ও রাজবাড়ী সদর উপজেলার ইউএনও হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাঠ প্রশাসনের সর্বাধিক গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।